# জাবি ক্যাম্পাসে দুই হলের সংঘর্ষ গুলি, আহত ৮০

প্রকাশ্যে চাপাতি, রামদা ও পিস্তল হাতে ছাত্রলীগ

**নিজস্ব প্রতিবেদক ও জাবি প্রতিনিধি** ৪ জুলাই, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ৫ মিনিটে

Share 5



তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের দুই হলের শিক্ষার্থীদের মধ্যে গতকাল ধাওয়াধাওয়ির ঘটনা ঘটে। এ সময় রড, স্টাম্প ও চাপাতি হাতে অনেককে দেখা গেছে। ছবি : কালের কণ্ঠ

অ- অ অ+

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে মিষ্টির দোকানে ধাক্কা লাগার মতো তুচ্ছ ঘটনার জের ধরে দুই হলের শিক্ষার্থীদের মধ্যে ধাওয়াধাওয়ি ও রক্তক্ষয়ী সংঘর্ষ হয়েছে। রড, ক্রিকেট স্টাম্প, চাপাতি, রামদা ও পিস্তল নিয়ে দুই হলের ছাত্রলীগ নেতাকর্মীদের এই সংঘর্ষ আর ধাওয়াধাওয়িতে ইটপাটকেল হাতে যোগ দেয় সাধারণ শিক্ষার্থীরাও।

গতকাল বুধবার দুই ঘণ্টাব্যাপী এই সংঘর্ষ চলাকালে বঙ্গবন্ধু হলের ছাত্রলীগের কর্মীদের মধ্য থেকে প্রায় ১০ রাউন্ড গুলি ছোড়া হয়। এ ঘটনায় প্রক্টরিয়াল বডির সদস্য, পুলিশসহ কমপক্ষে ৮০ জন আহত হয়েছে। তাদের মধ্যে ৪১ জনকে উন্নত চিকিৎসার জন্য সাভারের এনাম মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। তাদের মধ্যে একজনের অবস্থা গুরুতর। ঘটনা তদন্তে পাঁচ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল দুপুর ২টার দিকে ক্যাম্পাসের বটতলায় (খাবারের দোকানগুলো বটতলা নামে পরিচিত) মিষ্টি খেতে যায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের আবাসিক শিক্ষার্থী ও ছাত্রলীগকর্মী দ্বীপ বিশ্বাস ও আলিফ আফসান দীপ। এ সময় মওলানা ভাসানী হলের শিক্ষার্থী ও ছাত্রলীগকর্মী সৌরভ কাপালি শিভামের সঙ্গে দ্বীপ বিশ্বাসের ধাক্কা লাগে। এই তুচ্ছ ঘটনা থেকে প্রথমে বাগিবতণ্ডা ও ধাক্কাধাক্কি এবং একপর্যায়ে শিভামসহ তার সঙ্গে থাকা আরো কয়েকজন উত্তেজিত হয়ে দ্বীপ বিশ্বাসকে চড়-থাপ্পড় মারে। এ ঘটনার পর দ্বীপ বিশ্বাস হলে গিয়ে তার বন্ধু ও সিনিয়রদের জানালে দুটি হলের ছাত্রলীগকর্মীরা দেশীয় অস্ত্র, রড, হকিস্টিক ও আগ্নেয়াস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। তাদের সঙ্গে ইটপাটকেল নিয়ে দুই হলের সাধারণ শিক্ষার্থীরাও হামলা-সংঘর্ষে জড়িয়ে পড়লে ক্যাম্পাসে পরিস্থিতি আরো ভয়াবহ রূপ নেয়।

প্রায় দুই ঘণ্টা পর বিকেল পৌনে ৪টার দিকে ঘটনাস্থলে পুলিশ এসে দুই পক্ষের সঙ্গে কথা বলে পরিস্থিতি নিয়ন্ত্রণের চেষ্টা চালায়। এর পরও সংঘর্ষ চলতে থাকলে পুলিশ টিয়ার গ্যাসের শেল ও রাবার বুলেট ছুড়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এর পরও দুই পক্ষের মধ্যে উত্তেজনা ও পাল্টাপাল্টি স্লোগান চলতে থাকে। মওলানা ভাসানী হলের ছাত্রলীগকর্মীরা বিশ্ববিদ্যালয় প্রশাসন ও প্রক্টরবিরোধী স্লোগান দিতে থাকে।

হামলা-সংঘর্ষে প্রক্টরিয়াল বডির সদস্য, পুলিশসহ কমপক্ষে ৮০ জন আহত হন। তাঁদের মধ্যে ৪১ জনকে সাভারের এনাম মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। তাঁদের মধ্যে একজনের অবস্থা গুরুতর।

বিশ্ববিদ্যালয় চিকিৎসাকেন্দ্রের মেডিক্যাল অফিসার ডা. শামছুর রহমান বলেন, ‘সর্বমোট কতজন আহত হয়েছে সেই তালিকা করা হচ্ছে। অধিকাংশই ইটপাটকেলের দ্বারা মাথাসহ শরীরের বিভিন্ন অংশে আঘাত পেয়েছে। তবে মাথায় আঘাতজনিত আহত বেশি। একজনের মাথার ইনজুরি গুরুতর। টিয়ার গ্যাসের শেল এবং রাবার বুলেটের আঘাত নিয়েও দু-একজন এসেছে।’

জানা গেছে, রক্তক্ষয়ী এই সংঘর্ষের হোতা দ্বীপ বিশ্বাস ও আলিফ আফসান দীপ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি জুয়েল রানা এবং সৌরভ কাপালি শিভাম ছাত্রলীগ সম্পাদক এস এম আবু সুফিয়ান চঞ্চলের অনুসারী হিসেবে ক্যাম্পাসে পরিচিত। এই হামলা-সংঘর্ষ প্রসঙ্গে জুয়েল রানা বলেন, ‘আমরা ছাত্রলীগের পক্ষ থেকে ঘটনাস্থলে গিয়ে দুই হলের শিক্ষার্থীদের শান্ত করার চেষ্টা করেছি। কিন্তু পরে দেখলাম যে তারা আমার কথা শুনছে না। তা ছাড়া ঘটনা তো ছাত্রলীগের না, শিক্ষার্থীদের মধ্যে মিষ্টি খাওয়া নিয়ে সমস্যা; তাই পরে চলে এসেছি।’

ঘটনার সূচনাকারী তিনজনই ছাত্রলীগের কর্মী—এমন প্রশ্নের জবাবে ছাত্রলীগ সভাপতি বলেন, ‘তারা আমার অনুসারী হতে পারে বা ছাত্রলীগের হতে পারে; কিন্তু হলের ইস্যুতে যখন সবাই এক হয়ে গেছে তখন তো সবাই জড়িয়ে পড়েছে। ছাত্রলীগের একক সমস্যা হলে আমি ব্যবস্থা নিতাম। তার পরও ছাত্রলীগের কেউ এর সঙ্গে কোনোভাবে জড়িত থাকলে ব্যবস্থা নেব।’

সংঘর্ষ থামাতে গেলে বিশ্ববিদ্যালয়ের তিনজন শিক্ষক ইটপাটকেলের আঘাতে আহত হন। এদিকে সংঘর্ষ চলাকালে ছবি তোলায় বিশ্ববিদ্যালয়ে কর্মরত দুজন সাংবাদিককে মারধর করে মোবাইল ফোন ছিনিয়ে নেয় ছাত্রলীগকর্মীরা।

সাধারণ শিক্ষার্থী ও প্রত্যক্ষদর্শীদের অভিযোগ, প্রক্টরিয়াল বডি তাৎক্ষণিক উপস্থিত হয়ে ঘটনাস্থলে সংঘর্ষ থামানোর চেষ্টা করলেও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে ডাকতে দেরি করায় সংঘর্ষ দীর্ঘস্থায়ী হয়েছে। এ বিষয়ে জিজ্ঞেস করলে প্রক্টর ফিরোজ উল হাসান বলেন, ‘আমরা ঘটনাস্থলে এসে পরিস্থিতি দেখেই আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে জানিয়েছি। তবে এত পুলিশ তো থানায় সব সময় রিজার্ভ থাকে না। তারা বিশ্ববিদ্যালয়ের দুটি হলের সংঘর্ষের কথা শুনে সেভাবে প্রস্তুতি নিয়েই এসেছে। সে জন্য পুলিশের আসতে একটু দেরি হয়েছে।’

প্রক্টর জানান, ক্যাম্পাসে সাভার ও আশুলিয়া থানা থেকে শতাধিক পুলিশ মোতায়েন করা হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। বিশ্ববিদ্যালয়ের উচ্চতর প্রশাসন বিষয়টি নিয়ে বসে পরবর্তী পদক্ষেপের ব্যাপারে সিদ্ধান্ত নেবে।

তদন্ত কমিটি গঠন : ঘটনা তদন্তে পাঁচ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। গতকাল রাতে জরুরি সিন্ডিকেট সভায় গঠিত কমিটির প্রধান সমাজবিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন রাশেদা আক্তার এবং সদস্য সচিব সহকারী রেজিস্ট্রার আলী রেজা। সদস্যরা হলেন—অধ্যাপক মুজিবুর রহমান (পরিসংখ্যান), অধ্যাপক ড. লায়েক সাজ্জাদ এন্দেল্লাহ ও অধ্যাপক ড. যুগল কৃষ্ণ দাস। কমিটিকে আগামী ১০ কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে।

মন্তব্য


0 Comments

Sort by Newest

Add a comment...

Facebook Comments Plugin

Like Share 5 টুইট



হেডফোন ও ইয়ারফোন

বিজ্ঞাপন ofuronto.com



পরিপূর্ণ যৌনতার ১৩ টিপস জেনে রাখুন

kalerkantho.com



Luxury cases & Phone

বিজ্ঞাপন HADORO™ Paris



যৌনদৃশ্যে অভিনয়ে করেন এই

kalerkantho.com



Australia

বিজ্ঞাপন conventionsource.com



যৌনতা নির্ভর ওয়েব সিরিজে রেচেল

kalerkantho.com



ঢাকার মানুষ অনেক আন্তরিক


kalerkantho.com



কণ্ঠশিল্পী বিয়ে বি

kalerkantho.com

অনলাইন সর্বাধিক পঠিত    অনলাইন সর্বশেষ



লর্ডসেই নয়তো মিরপুরে মাশরাফির অবসর (./online/first-page/2019/07/04/787224/লর্ডসেই-নয়তো-মিরপুরে-মাশরাফির-অবসর)


## ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)


## ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)


## You May Like

(http://www.viralxfiles.com/20-of-the-worlds-scariest-bridges/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=092_VXF_Bridges_t4_all&utm_content=86250957)

### The World's Scariest Bridges

**Viral X Files**


(http://www.viralxfiles.com/20-of-the-worlds-scariest-bridges/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=092_VXF_Bridges_t4_all&utm_content=86250957)


(http://www.tripminutes.com/20-hotels-in-striking-destinations-you-must-visit/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=233830905&utm_medium=referral&utm_campaign=StrikingHotels-WW-DTM-TRM-TB)

### 20 Unbelievable Hotels You Won't Believe Actually Exist!

**Trip Minutes**

(http://www.tripminutes.com/20-hotels-in-striking-destinations-you-must-visit/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=233830905&utm_medium=referral&utm_campaign=StrikingHotels-WW-DTM-TRM-TB)
(https://www.tips-and-tricks.co/various/fingers-personality/?utm_campaign=ENTcombiWWDSK&utm_source=Taboola&utm_medium=native&utm_term=eastwestmedia-kalerkantho)

## Studies: The Length Of Your Fingers Reveals Your Personality

**Tips and Tricks**

(https://www.tips-and-tricks.co/various/fingers-personality/?utm_campaign=ENTcombiWWDSK&utm_source=Taboola&utm_medium=native&utm_term=eastwestmedia-kalerkantho)
(http://ezzin.com/beautiful-places/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=184175990&utm_medium=referral&utm_campaign=placesdie-low-ezz)

## 20 Beautiful Places to Visit Before You Die

**ezzin.com**

(http://ezzin.com/beautiful-places/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=184175990&utm_medium=referral&utm_campaign=placesdie-low-ezz)
(http://a-great-sghairtransplant.fyi?sub_id=taboola_3050513_System1_HairTransplant_Mobile_Bangladesh_eastwestmedia-kalerkantho&ref=taboola&compkey=hair+transplant+cost+Singapore&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

## Cost of Hair Transplant in Singapore May Surprise You

**Hair Transplant | Search Ads**

(http://a-great-sghairtransplant.fyi?sub_id=taboola_3050513_System1_HairTransplant_Mobile_Bangladesh_eastwestmedia-kalerkantho&ref=taboola&compkey=hair+transplant+cost+Singapore&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)
(https://www.topexpensive.com/25-most-expensive-dog-breeds-in-the-world/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=240252899&utm_medium=referral&utm_campaign=DogBreeds-WW-DTM-TEX-TB)

## 25 Most Expensive Dogs in the World That Are Incredibly Charming

**Topexpensive.com**

(https://www.topexpensive.com/25-most-expensive-dog-breeds-in-the-world/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=240252899&utm_medium=referral&utm_campaign=DogBreeds-WW-DTM-TEX-TB)
(http://www.topgentlemen.com/these-4-sisters-took-the-same-picture-for-40-years/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=235059575&utm_medium=referral&utm_campaign=Sisters-WW-DTM-TG-TB)

## They Took The Same Picture For 40 Years. Don't Cry When You See The Last!

**TopGentlemen.com**

(http://www.topgentlemen.com/these-4-sisters-took-the-same-picture-for-40-years/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=235059575&utm_medium=referral&utm_campaign=Sisters-WW-DTM-TG-TB)
(http://hhdresearch.org/7-foods-if-trouble-sleeping/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=193_hhd_7foodstroublesleeping_world&utm_content=142319507)

## 7 Foods to Stop Eating Immediately if You Have Trouble Sleeping

**Health & Human Research**

(http://hhdresearch.org/7-foods-if-trouble-sleeping/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=193_hhd_7foodstroublesleeping_world&utm_content=142319507)

সম্পাদক : ইমদাদুল হক মিলন, নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল, ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডিএ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ থেকে মুদ্রিত। পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, বিজ্ঞাপন ফোন : ৮৪৩২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮৪৩২০৪৭, সার্কুলেশন : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com

Copyright © 2015-2019 kalerkantho.com